

সুন্নত ও হাদীস বুঝার মেথডোলজি



প্রফেসর ড. মেহমেদ গরমেজ
অনুবাদ : বুরহান উদ্দিন



সূচিপত্র



ইস্তিয়াজা, বিসমিল্লাহ, হামদ	১৭
লেখকের মুখবন্ধ	১৯
বাংলা অনুবাদ প্রসঙ্গে লেখকের মুখবন্ধ	২১
ভূমিকা	২৫
১. মুসলিম উম্মাহর মধ্যে সুন্নত ও হাদীস নিয়ে বিতর্কসমূহ	২৯
১.১ সুন্নত ও হাদীস নিয়ে বিতর্কের প্রধান কারণসমূহ	৩৩
১.২ ইফরাত ও তাফরিতির মধ্যে সুন্নত ও হাদীস	৪২
২. বিতর্কের মাত্রাসমূহ	৪৬

প্রথম অধ্যায়

সুন্নত বুঝার মেথডোলজি

(উদাহরণ হিসেবে গ্রহণ করার পদ্ধতি)

৬৩-১৪৪

১. মানবতার জন্য মূল্যবোধের এক রত্নভাণ্ডার হিসেবে সুন্নতকে বুঝা	৬৩
২. ইসলামী সভ্যতার প্রতিষ্ঠাতা উৎস হিসেবে সুন্নতকে বুঝা	৬৯
৩. মুসলিম উম্মাহকে প্রতিষ্ঠাকারী একটি উপমা হিসেবে সুন্নতকে বুঝা	৭৩

৪. নববী যুগকে সমগ্র সময়ে বহনকারী একটি জীবনধারা হিসেবে
সুন্নতকে বুঝা ৭৭
৫. পরিবর্তনের বিপরীতে দাঁড়িয়ে ইসলামকে ধারাবাহিকতা
দানকারী একটি আধ্যাত্মিক শক্তি হিসেবে সুন্নতকে বুঝা ৮৩
৬. কোরআনকে বসবাসকৃত জীবনে রূপান্তরকারী একটি বয়ান,
তাফসীর এবং তাবীল হিসেবে সুন্নতকে বুঝা ৯১
৭. হযরত পয়গাম্বরের আদর্শ হিসেবে সুন্নতকে বুঝা ৯৯
৮. বাহ্যিকতা ও রূহ এর সামগ্রিকতার দিক থেকে
সুন্নতকে বুঝা ১০৯
৯. অভ্যাস ও ইবাদত এর পার্থক্যের দৃষ্টিকোণ থেকে
সুন্নতকে বুঝা ১১৫
১০. সুন্নত ও বিদয়াতের পার্থক্যের দৃষ্টিকোণ থেকে
সুন্নতকে বুঝা ১২১
১১. সুন্নত ও সংস্কৃতির পার্থক্যের দিক থেকে
সুন্নতকে বুঝা ১২৭
১২. বাশার ও পয়গাম্বরের সফাতের দৃষ্টিকোণ থেকে
সুন্নতকে বুঝা ১৩৫
১৩. ফিকহ এবং পালনের আবশ্যিকীয়তার দৃষ্টিকোণ থেকে
সুন্নতকে বুঝা ১৩৯

দ্বিতীয় অধ্যায়
হাদীস বুঝার মেথডোলজি
(সামগ্রিকতার নীতি)
১৪৭-৩৬০

১. ইসলামের সামগ্রিকতার আলোকে হাদীসকে বুঝা ১৪৭
২. কোরআন ও সুন্নতের সামগ্রিকতার আলোকে
হাদীসকে বুঝা ১৫৫
৩. রিসালাত ও নবুয়তের সামগ্রিকতার আলোকে
হাদীসকে বুঝা ১৬৭

৪. সুন্নত ও হাদীসের সামগ্রিকতার আলোকে হাদীসকে বুঝা১৮১
৫. সুন্নত ও হাদীসের সামগ্রিকতার আলোকে হাদীসকে বুঝা১৯৩
৬. উৎসের সামগ্রিকতার আলোকে হাদীসকে বুঝা১৯৯
৭. আকল ও ওহীর সামগ্রিকতার মধ্যে হাদীসকে বুঝা২০৭
৮. সবব-ইল্লত-হিকমত এর সামগ্রিকতার আলোকে হাদীসকে বুঝা২১৯
৯. মাকাসিদ ও মাসলাহাতের সামগ্রিকতার আলোকে হাদীসকে বুঝা২২৭
১০. শানে উরুদ ও প্রসঙ্গের সামগ্রিকতার আলোকে হাদীসকে বুঝা২৩৩
১১. বিষয়ের সামগ্রিকতার মধ্যে হাদীসকে বুঝা২৪৭
১২. রেওয়াজাতের সামগ্রিকতার মধ্যে হাদীসকে বুঝা২৫১
১৩. পরিভাষাগত সামগ্রিকতার মধ্যে হাদীসকে বুঝা২৫৫
১৪. শব্দ ও অর্থের সামগ্রিকতার মধ্যে হাদীসকে বুঝা২৬১
১৫. হাকীকত-মাজাযের সামগ্রিকতার আলোকে হাদীসকে বুঝা২৬৭
১৬. ভাষা-বয়ান-উসলুবেবের সামগ্রিকতার আলোকে হাদীসকে বুঝা২৭৩
১৭. ফিকহ ও পালনের আবশ্যিকীয়তার দৃষ্টিকোণ থেকে হাদীসকে বুঝা২৭৭
১৮. হাদীসে উল্লিখিত প্রবাদবাক্য (বাগধারা) সমূহকে বুঝা২৮৩
১৯. হাদীসে মধ্যকার কিসসাসমূহ ও রূপক গল্পসমূহকে বুঝা২৮৭
২০. হাদীসের মধ্যকার উপমাসমূহকে (আমসালুল-হাদীস) বুঝা২৯৯
২১. হাদীসের মধ্যকার সংখ্যা, পরিমাপ এবং পরিমাণসমূহকে বুঝা৩০৩
২২. হাদীসের মধ্যকার অস্তিত্বের পর্যায়সমূহকে (মারাতিবুল উজুদ) বুঝা৩০৭
২৩. হাদীসের মধ্যকার পর্যায়ক্রমিকতা এবং নাসখকে বুঝা৩১৫
২৪. হাদীসের মধ্যকার ইখতিলাফ এবং সমাধানের পন্থাকে বুঝা৩২১
২৫. তারগীব ও তারহীবের হাদীসসমূহকে বুঝা৩২৫

২৬. মুতাশাবিহ হাদীসসমূহকে বুঝা	৩৩১
২৭. ফিতান এবং মালাহিমের হাদীসসমূহকে বুঝা	৩৩৭
২৮. আহকামের হাদীসসমূহকে বুঝা	৩৪৭
২৯. আখলাকের হাদীসসমূহকে বুঝা	৩৫৫
উপসংহার	৩৬১
গ্রন্থপঞ্জি	৩৬৯

ইসতিয়াজা, বিসমিল্লাহ, হামদ ও দরুদ

হে প্রভু!

সকল প্রকার খারাপ ও ক্ষতি থেকে একমাত্র তুমি আমাদেরকে রক্ষা করতে পারো, তুমিই আমাদের একমাত্র ভরসা।

উপকারহীন জ্ঞান থেকে, হিকমতহীন হুকুম থেকে, তাফাক্কুরহীন আকল থেকে, বাসিরাতহীন নাজার থেকে তোমার নিকট আশ্রয় চাই।

রহমান ও রাহীমের অধিকারী তোমার মহান নামে শুরু করছি।

আমার অন্তর, ভাষা ও রুহের মাধ্যমে তোমার প্রতি সকল ধরনের তাহিয়্যাত ও তায়্যিবাত পেশ করছি।

সমগ্র মানবতার জন্য বাশীর ও নাযির হিসেবে প্রেরিত রাহমাতুল্লিল আলামীন মুহাম্মদ মুস্তাফা (স.)-এর প্রতি দরুদ ও সালাম পেশ করছি।



বাংলা অনুবাদ প্রসঙ্গে লেখকের মুখবন্ধ



ভারতীয় উপমহাদেশের বাংলা ভাষাভাষী ভাই ও বোনেরা, আপনাদের হাতের এ গ্রন্থটি দুটি উদ্দেশ্যকে সামনে রেখে রচিত হয়েছে। প্রথমত, হযরত পয়গাম্বর (স.) কর্তৃক আমাদের জন্য রেখে যাওয়া সবচেয়ে বড় সম্পদ সুন্নত ও হাদীসের উপর ভিত্তি করে ইফরাত ও তাফরীতের স্তরে পৌঁছে যাওয়া বিতর্কের সমাপ্তি ঘটানো, আর যদি তা সম্ভব না হয়, অন্তত পক্ষে বিতর্কের মাত্রা কমিয়ে নিয়ে আসা। দ্বিতীয়ত, চৌদ্দশত বছর পরে আল্লাহর রাসূল (স.)-এর সুন্নত ও অনুপম উপমাকে বর্তমান সময়ে বয়ে নিয়ে আসা হাদীসের বিশাল এ ভাণ্ডার থেকে উসূলের আলোকে কীভাবে উপকৃত হওয়া যায় সে ব্যাপারে পথ নির্দেশ করা।

এ কথা সকলেরই জানা যে, সুন্নত ও হাদীসের অঙ্গনে ভারতীয় উপমহাদেশে প্রতিষ্ঠিত ইসলামী সভ্যতার অনেক বড় অবদান রয়েছে। এত বড় একটি সভ্যতার অন্তর্ভুক্ত গুরুত্বপূর্ণ একটি ভাষায় এ গ্রন্থটি অনুদিত হওয়ায় আমি খুবই আনন্দিত হয়েছি। এক অর্থে বলা যায়, ভারতীয় উপমহাদেশের মহান আলেমগণের নিকট থেকে যা কিছু অর্জন করেছি, তা নতুন একটি ভাষা ও পন্থায় তাঁদেরই উত্তরসূরীদের নিকট পেশ করছি। এছাড়াও ক্লাসিক ওরিয়েন্টালিজম কর্তৃক ভারতীয় উপমহাদেশের উপর দিয়ে সমগ্র মুসলিম উম্মাহর মধ্যে সুন্নত ও হাদীস নিয়ে যে বিতর্ক ছড়িয়ে দেওয়ার চেষ্টা চালানো হয়েছে, সে বিতর্কের মোকাবেলায় এ অধ্যয়নের আলেমগণ কর্তৃক প্রদানকৃত জবাবের সাথে নতুন কিছু যুক্ত করার চেষ্টা করা হয়েছে।

এ গ্রন্থটি সুন্নতকে শুধুমাত্র দ্বীনি জ্ঞানের একটি উৎস, কোরআনের তাফসীর ও বয়ান হিসেবেই বিবেচনা করেনি; একইসাথে উম্মতকে নবরূপে জাগ্রতকারী, ইসলামী সভ্যতাকে ধারাবাহিকতা দানকারী, সভ্যতার গতিপথ নির্ধারণকারী মূল্যবোধের একটি রত্নভাণ্ডার হিসেবেও বিবেচনা করেছে।

গ্রন্থটি সুন্নতকে সকল যুগে বহনকারী বাহক হিসেবে বিবেচিত হাদীসের লেখ্য ও কথ্য রেওয়াজসমূহ সামগ্রিকভাবে বিশ্লেষণ করেছে এবং হাদীস বুঝার জন্য সামগ্রিক একটি পন্থা উত্থাপন করেছে।

মহান আল্লাহ রাক্বুল আলামীন এ কাজটিকে সুন্নত ও হাদীসের সেবায় গৃহীত একটি পদক্ষেপ হিসেবে কবুল করুন এবং ভারতীয় উপমহাদেশে বসবাসকারী মুসলমানদের সাথে তুরস্কের মুসলমানদেরকে একই সুন্নতী নিজামের মধ্যে ভ্রাতৃত্বের বন্ধনে আবদ্ধ হওয়ার তাওফিক দান করুন।

আমার রচিত এ গ্রন্থটি অনেক যত্নসহকারে ও প্রতিটি অধ্যায়ই আমার সাথে পরামর্শ করে অনুবাদ করায় আমার স্নেহভাজন ভাই ও ছাত্র বুরহান উদ্দিনকে ধন্যবাদ জানাই। এছাড়াও কৃতজ্ঞতা জানাই, ইসলামী চিন্তা ও গবেষণা ইনস্টিটিউটকে (Institute of Islamic Thought and Research) এ গ্রন্থটি প্রকাশের উদ্যোগ নেওয়ার জন্য।

মেহমেদ গরমেজ

নভেম্বর, ২০২১

আঙ্কারা, তুরস্ক